# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**7 July 2025** **7:35AM IST**

==========================================================================

রাজ্যের পশুপালন, পশু চিকিৎসা ও মৎস্য মন্ত্রী কৃষ্ণেন্দু পাল গতকাল কাছাড় জেলার চাতলায় একটি ছাত্রী নিবাসের ভিত্তি প্রস্তর স্থাপন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীপাল জানান যে দু কোটী ৫০ লক্ষ টাকা ব্যয় করে এই ছাত্রী নিবাস নির্মান করা হবে যেখানে ছাত্রীরা খুব কম টাকায় থাকতে পারবে । শিলান্যাস অনুষ্ঠানে দুই সাংসদ পরিমল শুক্লবৈদ্য ও কনাদ পুরকায়স্থ , অসম ভাষিক সংখ্যালঘু পরিষদের সভাপতি শিলাদিত্য দেব প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

প্রায় আট ঘন্টা আবদ্ধা থাকার পর শিলচর - লামডিং রেল লাইনে রেল চলাচল পুনরায় স্বাভাবিক হয়েছে এবং যথারিতি সব ট্রেন চলাচল করছে ।  মাইবাং-দাওতুহাজা এবং মুপা-দিহাখুর মধ্যের দুটি স্থানে রেল লাইনের ওপর ধ্বস পড়ায় গতকাল ট্রেন পরিষেবা কয়েক ঘন্টা বিঘ্নিত হয় । ফলে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে বেশ কয়েকটি রেলের সময় সূচির পরিবর্তন করা ছাড়াও কয়েকটি ট্রেনকে বিভিন্ন ষ্টেশনে আটকে রাখতে বাধ্য হয় । উল্লেখ্য  এই ধ্বসের ফলে শিলচর অভিমুখে আসা গৌহাটি-রঙ্গিয়া এক্সপ্রেস হাতিখালি ষ্টেশনে , গৌহাটি-শিলচর এক্সপ্রেস লামডিং-এ , গৌহাটি-দুল্লভছড়া ট্রেনটি লাংটিং এবং আগরতলা-দেওঘর এক্সপ্রেস ট্রেনটিকে হাফলং ষ্টেশনে আটকে আটকে রাখা হয়েছিল ।

---

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির পক্ষ থেকে রাজ্যের ৩৫টি জেলার সভাপতিদের নামের তালিকা প্রকাশ করা হয়েছে । এরমধ্যে বরাক উপত্যকার তিন জেলার কংগ্রেস সভাপতিদের নামও ঘোষনা করা হয়েছে ।

আসাম প্রদেশ কংগ্রেস সূত্রে জানানো হয়েছে যে কাছাড় জেলা সভাপতি পদে সজল আচার্য্যকে , শ্রীভূমি জেলা কংগ্রেসের সভাপতি পদে তাপস পুরকায়স্থকে এবং হাইলাকান্দি জেলার সভাপতি ইশাক আলী বড়ভুইয়াকে মনোনীত করা হয়েছে ।

---

অর্জুন ভোগেশ্বর বরুয়ার নামে তিনটি জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করা হবে । আসাম অলিম্পিক সংস্থার সভাপতি সর্বানন্দ সনোয়াল গতকাল গুয়াহাটীর নেহেরু স্টেডিয়ামের আসাম অলিম্পিক সংস্থা কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে দেশের ক্রীড়া ক্ষেত্রকে এগিয়ে নিয়ে যেতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গুরুত্বপূর্ণ ভুমিকা গ্রহণ করেছেন । মন্ত্রী দেশের প্রতিটি প্রান্তে খেলাধূলার পরিবেশ সৃষ্টি করার ওপর গুরুত্ব আরোপ করেন । বছরের শ্রেষ্ঠ ক্রীড়াবিদ , আজীবন ক্রীড়াক্ষেত্রে বিশেষ অবদানের জন্য বিশেষ পুরস্কার এবং বছরের উদীয়মান খেলোয়াড় পুরস্কার সহ প্রথমবারের মতো ৫ ,৩ ও ২ লক্ষ টাকার তিনটি জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করা হবে বলেও মন্ত্রী শ্রী সনোয়াল জানান ।

---

কাছাড় জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক প্রনব কুমার বরা এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আগামী ১৪ই জুলাই থেকে ১৭ই জুলাই পর্য্যন্ত জেলার ১৫টি আঞ্চলিক পঞ্চায়েতের প্রথম সভা অনুষ্ঠিত হবে । এই সভাগুলিতে নব নির্বাচিত সদস্যদের শপথ গ্রহন এবং আঞ্চলিক পঞ্চায়েতগুলির সভাপতি ও সহ-সভাপতিদের নির্বাচন অনুষ্ঠিত হবে । প্রতিটি সভা সুষ্ঠভাবে পরিচালনার জন্য আধিকারীক নিয়োগ করা হয়েছে এবং সভাগুলি সকাল সাড়ে ১১টায় শুরু হবে বলে জানানো হয়েছে ।

---

শিলচরের মহকুমা কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে চা উপজাতি এবং আদিবাসী কল্যান সঞ্চালকালয়ের নির্দেশে পোষ্ট মেট্রিক ছাত্রবৃত্তি , এ এন এম , জি এন এম এবং অন্যান্য কারিগরী কোর্সের জন্য আর্থিক সহায়তা ও উচ্চ শিক্ষার জন্য দরখাস্ত আহ্বান করেছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে আবেদনকারীকে আসামের স্থায়ী বাসিন্দা , চা উপজাতী সম্প্রদায়ভুক্ত এবং অভিভাবকের বার্ষিক আয় পাঁচ লক্ষ টাকার নীচে থাকতে হবে । আগামী ১৫ই অগাষ্টের মধ্যে অনলাইনে আবেদন করতে বলা হয়েছে ।

---

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও সবলীকরন  মন্ত্রকের পক্ষ থেকে শ্রীভূমি জেলার বিশেষভাবে সক্ষম ছাত্র-ছাত্রীদের বৃত্তির জন্য তিন ক্যাটাগরিতে দরখাস্ত আহ্বান করা হয়েছে । নবম ও দশম শ্রেনীর জন্য প্রি-ম্যাট্রিক , একাদশ থেকে স্নাতকোত্তর পর্য্যন্ত পোষ্ট ম্যাট্রিক এবং স্নাতক ও স্নাতকোত্তর ,ডিপ্লোমা টপ ক্লাসের ছাত্র বৃত্তির জন্য দরখাস্ত ন্যাশনেল স্কলারশিপ পোর্টালে দাখিল করতে হবে । আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ৪০ শতাংশ শারিরীক বাধাগ্রস্ত সার্টিফিকেট থাকতে হবে এবং বার্ষিক আয় আড়াই লক্ষ টাকার নীচে হতে হবে । তবে টপ ক্লাসের ছাত্র বৃত্তির ক্ষেত্রে বার্ষিক আয় ৮ লক্ষ টাকার নীচে হতে হবে । প্রি-ম্যাট্রিক বৃত্তির জন্য আগামী ৩১শে আগষ্টের মধ্যে এবং পোষ্ট ম্যাট্রিক ও টপ ক্লাসের বৃত্তির জন্য আগামী ৩১শে অক্টোবরের মধ্যে পোর্টালে আবেদন করতে হবে ।

---

ভারতীয় আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী, আগামী পাঁচ থেকে ছয় দিনে দেশের উত্তর-পশ্চিম, মধ্য ও উত্তর-পূর্বাঞ্চলে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

উত্তর-পূর্ব ভারতের অসম, অরুণাচল প্রদেশ, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম ও ত্রিপুরার বিভিন্ন স্থানে মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে। বিশেষ করে অসমের কিছু জেলায় ভারী বৃষ্টির পাশাপাশি বজ্রবিদ্যুৎ সহ ঝড়ের আশঙ্কা রয়েছে।

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি শহরের সড়কের পাশের অবৈধ বাজারগুলি উচ্ছেদ করতে নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে শ্রীভূমি শহরের লক্ষীবাজার রোডের পূর্ত বিভাগের কার্য্যলয়ের পাশের বাজার , গোপালজী মার্কেটের সম্মুখ থেকে বাজার কালীবাড়ী সংলগ্ন সড়কের পাশের বাজার , স্টেশন রোড এবং পেট্রল পাম্প থেকে রেল গেইট ও ঘাট লাইনের অবৈধ বাজারগুলি উচ্ছেদ করতে হবে । বিজ্ঞপ্তীতে আরো জানানো হয়েছে যে শহরের পাশে থাকা অবৈধ বাজারগুলি উচ্ছেদ করতে পাঁচজন কার্য্যবাহী ম্যাজিষ্ট্রেট নিয়োগ করা হয়েছে ।